# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: মার্চ/২০২৩**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | ০২ | ০২ | ০৪ | ১৩ | ১৭ | ০৩ | পরিশিষ্ট-ক | ১৪ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | - | - | - | ০২ | ০২ | ০১ | পরিশিষ্ট-ক | ০১ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | - | - | ০৩ | ০৩ | ০১ | পরিশিষ্ট-ক | ০২ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ০১ | - | ০১ | ০৩ | ০৪ | ০১ | পরিশিষ্ট-ক | ০৩ | ঐ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | ০৩ | - | ০৩ | - | ০৩ | ০৩ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | ০৩ | ০২ | ০৫ | ০১ | ০৬ | ০১ | পরিশিষ্ট-ক | ০৫ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| মোট | ০৯ | ০৪ | ১৩ | ২২ | ৩৫ | ১০ | - | ২৫ | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** ভর্তি সংক্রান্ত বিষয়ে অভিযোগ বিষয়ে অনলাইনে Md. Ashikullah এর নিকট হতে একটি অভিযোগ এসেছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ড. শ্রীকান্ত কুমার চন্দ, যুগ্মসচিব, নীতি ও সংস্কার অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(খ)** IT Office policy problem বিষয়ে অনলাইনে নাম, ঠিকানা বিহীন একটি অভিযোগ এসেছে যা কোন দপ্তর/সংস্থার তা উল্লেখ নেই। সুনির্দিষ্ট দপ্তর/সংস্থার নাম না থাকায় তদন্ত করে কার্যক্রম গ্রহণ সম্ভব হচ্ছে না মর্মে অভিযোগটি নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে

**(গ)** জনাব মোঃ শহীদুল হক ভূঁঞা, অতিরিক্ত সচিব এর বিরুদ্ধে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের নির্যাতিত কর্মচারীবৃন্দ কর্তৃক আনীত অভিযোগ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়, শৃঙ্খলা-১ থেকে প্রাপ্ত অভিযোগটি তাঁর স্বব্যাখ্যাত মতামত অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায় উক্ত অভিযোগটি নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

২। **বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):**

**(ক)** দুদক হতে প্রাপ্ত জেএফসিএল কারখানার ওভারহোলিং কাজে ২১ কোটি ৯০ লক্ষ টাকা বাজেট দেখিয়ে অর্থ লুটপাটের অভিযোগে সংস্থা কর্তৃক তদন্ত কমিটি গঠিত হয়। তদন্ত কমিটির নিকট হতে প্রাপ্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযোগটির সত্যতা পাওয়া যায়নি মর্মে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

৩। **বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):**

**(ক)** বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লি: (বিবিএফএল) এ চলমান ডিপিপি বাস্তবায়ন প্রকল্পে দূর্নীতি সংক্রান্ত অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

৪। **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):**

**(ক)** জনৈক জহিরুল ইসলাম, জিয়নপুর, দৌলতপুর, মানিকগঞ্জ কর্তৃক বিসিক জেলা কার্যালয়, মানিকগঞ্জের বিরুদ্ধে বিসিক থেকে প্রশিক্ষণ ও নিবন্ধন প্রাপ্ত হওয়া সত্ত্বেও কোন ব্যাংক ঋণ না পাওয়ার বিষয়ে GRS সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত অভিযোগটি প্রমাণিত হয়নি মর্মে নিষ্পত্তি করা হয়েছে।

## ৫। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):

**(ক)** এনএসআই বিএসটিআইকে অবহিত করেন যে, মামুন ফুড প্রোডাক্টস, কাজীরগাঁও, চাদনী মাঠ, যাত্রাবাড়ী, ঢাকা নামীয় প্রতিষ্ঠান অনুমোদন ব্যতীত ঘি উৎপাদন করছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটিতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনাকালে অনুমোদন ব্যতীত ঘি উৎপাদন ছাড়াও বিভিন্ন নামী-দামী ব্র্যান্ডের নকল ঘি উৎপাদন করতে দেখা যায়। প্রতিষ্ঠানটিতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ অনুযায়ী প্রতিষ্ঠানটির মালিক ১ (এক) বছরের কারাদন্ড প্রদান করা হয় এবং প্রতিষ্ঠানটির ম্যানেজারকে ১ (এক) লক্ষ টাকা জরিমানা অনাদায়ে ৬ মাসের কারাদণ্ড প্রদান করা হয়। অভিযানকালে এনএসআই এর প্রতিনিধি উপস্থিত ছিলেন।

**(খ)** জনৈক জনাব এম রহমান নামীয় ব্যক্তি বাসাবো, ঢাকা থেকে ২৭-০৩-২০২৩ খ্রি. তারিখে ই-মেইলে পত্রের মাধ্যমে জানান যে, তিনি ২১-০৩-২০২৩ খ্রি. তারিখে খিলগাঁওস্থ শহীদ বাকি রোডে অবস্থিত মুনস গ্যালারি হতে এমএন্ডএ সিক্রেট ব্র্যান্ডের কিছু কসমটিকস ক্রয় করেন। উক্ত কসমেটিকস ব্যবহারের প্রাক্কালে লক্ষ্য করেন যে, পণ্যসমূহের কোনোটিতেই বিএসটিআই'র অনুমোদন সংক্রান্ত কোনো তথ্য বা মানচিহ্ন নেই বলে তিনি অভিযোগ করেন। পণ্যটির প্রস্তুতকারক হিসেবে এমএন্ডএ সিক্রেট, বাড়ি# ৪৭১, ব্লক# সি, খিলগাঁও, ঢাকা রয়েছে। পণ্যসমূহ অনুমোদিত কিনা তা যাচাইসহ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ প্রেক্ষিতে গত ২৮-০৩-২০২৩ খ্রি. তারিখে এমএন্ড সিক্রেট এ ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে প্রতিষ্ঠানটি অননুমোদিত পণ্য উৎপাদন, বিক্রয়-বিতরণ করার অভিযোগের সত্যতা পাওয়া ৫০,০০০.০০ টাকা জরিমানা আদায় করা হয়। একইসাথে প্রতিষ্ঠানটি লাইসেন্স গ্রহণের এবং অনুমোদিত পণ্য বিক্রয় বিতরণ করার পরামর্শ প্রদান করা হয়। বিষয়টি অভিযোগকারীকে অবহিত করা হয়েছে।

**(গ)** প্রাণ এগ্রো লিঃ এর প্রতিনিধি অভিযোগ করেন যে, কুয়াশা ইন্ডাস্ট্রিজ, ১৪৩, বাগান বাড়ী রোড, বড় বেড়াইদ, বাড্ডা, ঢাকা প্রতিষ্ঠানটিতে অনুমোদন ব্যতিত আর্টিফিসিয়াল ফ্লেভার্ড ড্রিংকস, আইস ললি, সয়াবিন তেল, সরিষার তেল, লিকুইড টয়লেট ক্লিনার, হ্যান্ড ওয়াশ, লজেন্স, মশার কয়েল পণ্য উৎপাদন ও বাজারজাত করছে। এ প্রেক্ষিতে প্রতিষ্ঠানটি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয় এবং অভিযোগের সত্যতা পাওয়া যায়। প্রতিষ্ঠানটিকে ৯ লক্ষ টাকা জরিমানা এবং প্রায় ১০ লক্ষ টাকার মালামাল জব্দপূর্বক কারখানা সিলগালা করা হয়।

## ৬। পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি):

**(ক)** এ্যাটর্ণীদের বিষয়ে একটি অভিযোগ আসে যা তাদের অভ্যন্তরীণ বিষয় হওয়ায় সংশ্লিষ্ট এ্যাটর্ণীকে নিষ্পত্তির জন্য বলে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।